গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

নভেল করোনাভাইরাস ২০১৯ (COVID-19) সংক্রান্ত পরিস্থিতি
তারিখ: ২৯ মার্চ, ২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

	০ ২৪ ঘন্টায় আক্রান্ত		৪৮ মোট আক্রান্ত		১৫ মোট সুস্থ		৫ মোট মৃত্যু
		৫৩,৪৪২ মোট কোয়ারেন্টাইন		২৪,৯৫৯ কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত		২৮,৪৮৩ বর্তমান কোয়ারেন্টাইন	
		৩৪০ মোট আইসোলেশন		২৮৪ আইসোলেশন হতে ছাড়প্রাপ্ত		৫৬ বর্তমান আইসোলেশনে	

করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ বেলা ১২.০০ ঘটিকায় স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) -এর কনফারেন্স কক্ষে অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। ব্রিফিং-এ নিজ বাস ভবন থেকে অংশ নেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি মহোদয়। তা ছাড়া স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (এমআইএস) এন্ড লাইন ডাইরেক্টর (এইচআইএস এন্ড ই-হেল্থ) ডাঃ মোঃ হাবিবুর রহমান এবং রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)-এর পরিচালক অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা ব্রিফিং এ অংশ নেন।

- মন্ত্রী মহোদয় প্রেস ব্রিফিং এ জানান স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রথম থেকেই সক্রিয়ভাবে কোভিড-১৯ মোকাবেলায় কার্যক্রম পরিচালনা করছে। ঢাকার বিভিন্ন হাসপাতালে পিসিআর টেস্ট করা হচ্ছে এবং শীঘ্রই দেশের ১১ টি প্রতিষ্ঠানে পিসিআর মেশিনের মাধ্যমে কোভিড-১৯ স্ক্রিনিং কার্যক্রম শুরু হবে। বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক ভেন্টিলেটর মেশিন এবং আইসিইউ বেড স্থাপনের প্রক্রিয়া রয়েছে। তিনি আরও বলেন চিকিৎসা সেবাদানকারীদের জন্য পিপিই সরবরাহ অব্যাহত আছে। স্বাস্থ্য বিধি মেনে চললে সকলেই ভাল থাকবেন বলে তিনি উল্লেখ করেন।

- ব্রিফিং এ আরও জানানো হয়- কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণরোধ এবং নিয়ন্ত্রণের জন্য ইতোমধ্যে ৭১০ জন চিকিৎসক ও ৪৩ জন নার্সকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রতিটি জেলা থেকে ২ জন চিকিৎসক অর্থাৎ আবাসিক মেডিকেল অফিসার এবং সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসারগণ ছাড়াও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুয়েত বাংলাদেশ মৈত্রী হাসপাতাল, জাতীয় বক্ষব্যাধি ইন্সটিটিউট ও হাসপাতাল, ঢাকা সংক্রমণ ব্যাধি হাসপাতাল, মহানগর জেনারেল হাসপাতাল, সাজিদা ফাউন্ডেশন হাসপাতাল, মিরপুর পরিবার পরিকল্পনা হাসপাতাল (লালকুঠি) এবং রিজেন্ট হাসপাতালের চিকিৎসক ও নার্সগন এই প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তা ছাড়া দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের মেডিকেল টেকনোলজিষ্টদের কোভিড--১৯ পরীক্ষার নমুনা সংগ্রহের জন্য ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এখন থেকে প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্টগণ নিজ নিজ প্রতিষ্ঠানএবং ইপিআই সার্ভিলেন্স টিমের মাধ্যম -সন্দেহজনককোভিড-১৯ রোগীর বাড়ী থেকে নমুনা সংগ্রহ করবেন এবং নমুনাগুলো পিসিআর টেস্ট সেবা প্রদানকারী নিকটস্থ বিভাগীয় মেডিকেল কলেজ হাসপাতাল /আইপিএইচ এ প্রেরণ করবেন। জনগণকে সন্দেহজনক কোভিড-১৯ সংক্রমণের বিষয়ে স্বাস্থ্য বাতায়ন (১৬২৬৩), ৩৩৩, আইইডিসিআর এর হটলাইনসমূহ (০১৯৪৪৩৩৩২২২, ০১৬৫৫) এবং স্থানীয় হাসপাতলসমূহে কল করে অবহিত করতে অনুরোধ জানানো হয়। কোভিড১৯- পরীক্ষা করার জন্য হাসপাতালে না আসার জন্য অনুরোধ জানানো হয়। কেননা এতে সংক্রমনের ঝুঁকি বেড়ে যাওয়ার সম্ভাবনা থাকে।

- স্বাস্থ্য বাতায়ন ১৬২৬৩ এবং ৩৩৩ নাম্বারে ফোন করে জনগণ সরাসরি স্বাস্থ্য সেবা নিয়ে থাকেন। কিন্তু COVID-19 মহামারীর কারনে কল সংখ্যা অনেক বৃদ্ধি পাওয়ায় স্বাস্থ্য বাতায়নের সবগুলো নম্বর অনেক সময় ব্যস্ত পাওয়া যায়। এই অবস্থা থেকে উত্তরনের লক্ষ্যে রোগীদের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে "উবার ডাক্তার" নামক একটি মোবাইল চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা করা হয়েছে, যা ১৬২৬৩ বা ৩৩৩ নম্বর ব্যস্ত থাকলে স্বয়ংক্রিয়ভাবে উবার ডাক্তারের কাছে চলে যাবে এবং সেবা নিতে পারবে। ইতোমধ্যে স্বেচ্ছাসেবী হিসাবে ১১২৭ জন চিকিৎসক এই সেবা প্রদানে যুক্ত হয়েছেন এবং ৭,২২৭ জন চিকিৎসক এ সেবা প্রদানের জন্য নিবন্ধনকৃত হয়ে প্রশিক্ষণ সমাপ্ত করেছেন।

বৈশ্বিক ও আঞ্চলিক পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা)

(Source link: https://www.who.int/docs/default-source/coronaviruse/situation-reports/20200328-sitrep-68-covid-19.pdf?sfvrsn=384bc74c_2)

আজ পর্যন্ত বিশ্বে সর্বমোট **৫,৭১,৬৭৮** জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে। এদের মধ্যে মৃত্যুবরণ করেছেন **২৬,৪৯৪** জন। গত ২৪ ঘন্টায় বিশ্বে মোট আক্রান্ত রোগীর সংখ্যা **৬২,৫১৪** জন, যাদের মধ্যে মৃত্যুর সংখ্যা **৩১৫৯** । দক্ষিণ-পূর্ব এশিয়ায় গত ২৪ ঘন্টায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা **১৫৩** জন এবং মৃত্যুসংখ্যা **০৯** । এ অঞ্চলে এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত রোগী পাওয়া গেছে **৩,০৮৫** জন এবং মোট মৃত্যুসংখ্যা **১১৪** ।

বাংলাদেশ পরিস্থিতি

কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী (সূত্রঃ আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

বাংলাদেশে আজ পর্যন্ত মোট ১১৮৫ জন ব্যক্তির কোভিড-১৯ পরীক্ষা করা হয়েছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় করা হয়েছে ১০৯ জনের পরীক্ষা। এ পর্যন্ত মোট ৪৮ জন কোভিড-১৯ পজিটিভ রোগী পাওয়া গেছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় এ সংখ্যা **০** । বাংলাদেশে **COVID-19** আক্রান্ত হয়ে মোট মৃতের সংখ্যা **৫**, তন্মধ্যে গত ২৪ ঘণ্টায় **মৃত্যুর সংখ্যা ০ এবং অদ্যাবধি সুস্থ হয়ে বাড়ী ফিরে গেছেন ১৫ জন এবং চিকিৎসাধীন আছেন ২৮ জন।**

অন্যান্য তথ্যঃ

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম (HEOC & Control Room), স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টায় কোয়ারেন্টাইন সংখ্যা	গত ২৪ ঘন্টায় ছাড় সংখ্যা	অদ্যাবধি মোট ছাড়	বর্তমানে মোট কোয়ারেন্টাইন	অদ্যাবধি সর্বমোট
হোম কোয়ারেন্টাইন	২,১১১	৪,০৩৯	২৪,৮৯৪	২৮,৩৪১	৫৩,২৩৫
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	৪	২৪	৬৫	১৪২	২০৭
সর্বমোট	২,১১৫	৪,০৬৩	২৪,৯৫৯	২৮,৪৮৩	৫৩,৪৪২

আইসোলেশন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ আইইডিসিআর/ হেল্থ ইমারজেন্সী এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টায় আইসোলেশন	গত ২৪ ঘন্টায় ছাড়প্রাপ্ত	অদ্যাবধি ছাড়প্রাপ্ত	অদ্য আইসোলেশনে অবস্থান সংখ্যা	অদ্যাবধি সর্বমোট আইসোলেশন
আইসোলেশন সম্পর্কিত তথ্য	০৯	০	২৮৪	৫৬	৩৪০

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য
(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	৩৬	৩,২২,২৯৭
সমুদ্রবন্দর সমূহ	২১৫	১০,৫৪১
স্থলবন্দর সমূহ	১৫৯	৩,২৫,১৪৬
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	**৪১০**	**৬,৬৫,০১৩**

করোনাভাইরাস (COVID-19) লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)
(২৮-০৩-২০২০ পর্যন্ত সর্বশেষ আহরণ ও বিতরণ অনুযায়ী)

- অদ্যাবধি দেশের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে বিভিন্ন স্তরের **৩,১৭,৫০০** পিপিই সরবরাহ করা হয়েছে।

- JAC MA Foundation (আলী বাবা) থেকে গত ২৭-০৩-২০২০ ইং তারিখে ৩০,০০০ টেস্ট কিট এবং অদ্য ২,৭০,০০০ ফেস মাস্ক ও ৩০,০০০ এন-৯৫ মাস্ক পাওয়া গেছে।

29/03/2020
(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।